

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ কার্তিক ১৪৩০/১৩ নভেম্বর ২০২৩

নং ৪৬.৪২.০০০০.০০০.২২.০০১.১৫-২২৩২—ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যানের প্যানেল গঠনের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রীট পিটিশন নং-৭১৯৭/২০২৩ মামলা চলমান রয়েছে। স্থানীয় সরকার বিভাগের ২৩ অক্টোবর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯(১)-২০৮০নং প্রজ্ঞাপন মূলে উক্ত জেলা পরিষদের চেয়ারম্যান পদটি সরকার শূন্য ঘোষণা করেন।

২। এমতাবস্থায়, ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের নতুন চেয়ারম্যান নির্বাচিত হওয়া/জেলা পরিষদের অস্থায়ী চেয়ারম্যান প্যানেল গঠনের পূর্ব পর্যন্ত জেলা পরিষদের রুটিন দায়িত্ব পালনের নিমিত্ত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা পরিচালনার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা-কে ক্ষমতা অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

প্রত্নয় হাসান

সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭০৮১)

মূল্য : টাকা ৪.০০